

যুগান্তর

প্রিন্ট: ১২ অক্টোবর ২০২৫, ০৯:২০ এএম

শিক্ষাজ্ঞন

চাকসু নির্বাচন: তিন প্যানেলের ইশতেহার ঘোষণা



চাবি প্রতিনিধি

প্রকাশ: ০৯ অক্টোবর ২০২৫, ০৯:২৯ পিএম



চতুর্থাম বিশ্বাবদ্যালয় কেন্দ্রায় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনকে সামনে রেখে ‘বোচত্রের এক্য’ প্যানেল ৮ দফা ইশতেহার ঘোষণা করেছে।

বৃহস্পতিবার দুপুর ২টার দিকে চাকসু ভবনের সামনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ইশতেহার উপস্থাপন করা হয়।

এ সময় লিখিত ইশতেহার পাঠ করেন প্যানেলের সহ-সভাপতি (ভিপি) পদপ্রার্থী ধন্ব বড়ুয়া, সাধারণ সম্পাদক (জিএস) সুর্দৰ্শন চাকমা ও যুগ্ম সাধারণ সম্পাদক (এজিএস) পদপ্রার্থী জাকিরুল ইসলাম জসিম।

তাদের ৮ দফা ইশতেহারে স্থান পেয়েছে নিরাপদ ক্যাম্পাস গঠন, আবাসন সমস্যা নিরসন, খাদ্য-স্বাস্থ্য-পরিবেশের উন্নয়ন, শিক্ষা ও গবেষণা, সংস্কৃতি ও ক্রীড়া, জাতিগত বৈচিত্র্য ও নারীবান্ধব ক্যাম্পাস নির্মাণ, পরিবহণব্যবস্থা উন্নয়ন এবং গণতন্ত্র-স্বায়ত্ত্বাসন-মানবাধিকার প্রতিষ্ঠা।

এদিকে চাকসু নির্বাচনকে সামনে রেখে অহিংস শিক্ষার্থী এক্য প্যানেল ইশতেহার ঘোষণা করেছে। এদিন বিকাল ৩টায় শহীদ বুদ্ধিজীবী চতুর্থ এক সংবাদ সম্মেলনে তারা ১৬ দফা প্রতিশ্রূতি দেন।

তাদের উল্লেখযোগ্য প্রতিশ্রূতি হলো- প্রতিটি নির্মম হত্যাকাণ্ড ও অপরাধের বিচার আদায়সহ ফ্যাসিবাদবিরোধী জুলাই-চেতনা সর্বদা সমুন্নত রাখা; বৈষম্যমূলক নীতি ও আচরণ পরিহার করে সবার সম-অধিকার প্রতিষ্ঠায় কাজ করা; মানসম্মত শিক্ষা ও ইনসাফপূর্ণ ফলাফল নিশ্চিত করতে শিক্ষক মূল্যায়ন; শাটল ট্রেনে শিডিউল বৃক্ষ ও ডেমো ট্রেন পুনঃচালুকরণ।

একইদিন বেলা সাড়ে ৩টায় এখানে চাকসু নির্বাচনের ইশতেহার ঘোষণা করেছে ইসলামী ছাত্র আন্দোলন বাংলাদেশ সমর্থিত ‘সচেতন শিক্ষার্থী সংসদ’ প্যানেল। তাদের ইশতেহারে নিরাপদ ও শিক্ষার্থীবান্ধব ক্যাম্পাস, আবাসন ও পরিবহণ সংকট নিরসনসহ বেশকিছু বিষয় প্রাধান্য পেয়েছে।

▼